# ৪৬তম বিসিএস

## প্রিলি ফুল কোর্স

### আন্তর্জাতিক বিষয়াবলি

লেকচার: ০৬

টপিক:

- ✓ আঞ্চলিক সংস্থা: (SAARC, BIMSTEC, ASEAN, APEC, CIRDAP, G-77, G-15, BCIM, ACU).
- ✓ আন্তর্জাতিক রাজনৈতিক সংগঠন: (NAM, COMMON WEALTH, আরবলীগ, OIC, GCC, OAU & AU, CIS, APA, সাংহাই সহযোগিতা সংস্থা, IJO & IJSG, NAFTA).



উত্তরণ
ক্যারিয়ার এন্ড স্কিলস একাডেমি
09666775566
www.uttoron.academy

# SAARC

* এই Topic টি অনেক গুরুত্বপূর্ণ।

45 BCS

BD যে সংস্থার সদস্য নয়?

(i) ILO
(ii) SAARC
(iii) NATO
(iv) BIMSTEC

* Map টি ভালোভাবে দেখবেন।



# SAARC

- SAARC এর পূর্ণরূপ South Asian Association for Regional Co-operation.
- এর স্বপ্নদ্রষ্টা বাংলাদেশের সাবেক **প্রেসিডেন্ট জিয়াউর রহমান।**
- এটি আনুষ্ঠানিকভাবে গঠিত হয় **১৯৮৫ সালের ৮ ডিসেম্বর ঢাকায়। এর সদর দপ্তর নেপালের কাঠমান্ডুতে অবস্থিত।**
- সাতটি সদস্য দেশ (বাংলাদেশ, ভারত, পাকিস্তান, শ্রীলংকা, নেপাল, ভুটান, মালদ্বীপ) নিয়ে এটি প্রতিষ্ঠিত হলেও আফগানিস্তান, ৩ এপ্রিল ২০০৭ সালে সদস্য হওয়ায় বর্তমানে এর সদস্য সংখ্যা আট।
- সার্ক পর্যবেক্ষক দেশ ৮টি ও সংস্থা ১টি। ইরান, চীন, জাপান, যুক্তরাষ্ট্র, দক্ষিণ কোরিয়া, মরিশাস, অস্ট্রেলিয়া, মিয়ানমার ও ইইউ।
- ভাষা ১০টি (অফিসিয়াল ভাষা- ইংরেজি)।
- **SAARC এর সহযোগিতার ক্ষেত্র – ১৩টি।**

# SAARC

- দক্ষিণ এশীয় সহযোগিতা সংস্থা সার্ক-এর প্রথম শীর্ষ বৈঠক ১৯৮৫ সালের ৭-৮ ডিসেম্বর ঢাকায় অনুষ্ঠিত হয়।
- **সার্কের সর্বশেষ (১৮তম) সম্মেলন হয় ২৬-২৭ নভেম্বর, ২০১৪, কাঠমান্ডু (নেপাল)।**
- পাকিস্তানে ২০১৬ সালে ১৯তম সম্মেলন অনুষ্ঠিত হওয়ার কথা ছিল। কিন্তু সেপ্টেম্বর ২০১৬ ভারতের জম্মু ও কাশ্মীর রাজ্যের উরি এলাকায় পাকিস্তান জঙ্গিবাহিনীর হামলার প্রতিবাদে ভারত, বাংলাদেশ, আফগানিস্তান ও ভুটান ১৯তম সার্ক সম্মেলনে অংশগ্রহণ না করার ঘোষণা দেয়।
- **বাংলাদেশে এ পর্যন্ত ৩ বার সম্মেলন হয়েছে - ১৯৮৫, ১৯৯৩, ২০০৫ সালে।**
- সার্কভুক্ত সকল দেশের দূতাবাস বাংলাদেশে রয়েছে। উল্লেখ্য, ১ এপ্রিল ২০০৮ মালদ্বীপের দূতাবাস বাংলাদেশে চালু হলেও পরবর্তীতে ২০১৪ সালের ৩১ মার্চ আবার বন্ধ করে দেয়া হয়। পুনরায় ১ জানুয়ারি ২০১৫ মালদ্বীপ তাদের দূতাবাস বাংলাদেশে চালু করে।

# SAARC

- SAARC-এর ১ম মহাসচিব এর নাম **আবুল আহসান** (১৯৮৫-৮৯, বাংলাদেশ)। এর **বর্তমান মহাসচিব গোলাম সারোয়ার (বাংলাদেশ)**। **সার্ক এর প্রথম নারী মহাসচিব- ফাতিমা দিয়ানা সাঈদ।**
- সার্ক খাদ্য ভান্ডার প্রতিষ্ঠিত হয় - ২০১০ সালে
- **দক্ষিণ এশীয়ায় দারিদ্র্য দূরীকরণের জন্য সার্ক কমিশন গঠন করা হয়েছিল - ১৯৯১ সালে শ্রীলংকায় অনুষ্ঠিত ৬ষ্ঠ শীর্ষ সম্মেলনে। সার্ক দারিদ্র্য দূরীকরণ বর্ষ ছিল ১৯৯৫।**
- **সার্ক ফোয়ারার ভাস্কর - নিতুন কুন্ডু।**
- সার্ক ব্যাংক গঠনের প্রস্তাবকারী দেশ ভারত।
- **সার্ক গণতন্ত্র সনদের উদ্যোক্তা দেশ বাংলাদেশ।**
- সার্ক ট্যুরিজম ভিসা ও নির্বাচন কমিশন প্রতিষ্ঠার উদ্যোক্তা দেশ বাংলাদেশ।
- **চীন সার্কের সদস্যপদের জন্য আবেদন করে ২০১৪ সালে।**

# SAARC এর আঞ্চলিক কেন্দ্রসমূহ

| যে প্রতিষ্ঠানগুলোর সদর দপ্তর | স্থান |
|---|---|
| **সার্ক কৃষি কেন্দ্র**<br>**সার্ক আবহাওয়া গবেষণা কেন্দ্র** | ঢাকা, বাংলাদেশ |
| সার্ক **তথ্য কেন্দ্র**<br>সার্ক যক্ষ্মা এবং এইচ.আই.ভি/ এইডস কেন্দ্র | কাঠমান্ডু, নেপাল |
| সার্ক ডকুমেন্টেশন সেন্টার<br>সার্ক দুর্যোগ ব্যবস্থাপনা কেন্দ্র - **গুজরাট, ভারত**।<br>সার্ক খাদ্য ভাণ্ডার<br>**সার্ক বিশ্ববিদ্যালয়** (২০০৫ সালে মনমোহন সিং এর প্রস্তাবে ২০১০ সালে যাত্রা শুরু করে।) | নয়াদিল্লি, ভারত |
| সার্ক মানবসম্পদ উন্নয়ন কেন্দ্র<br>সার্ক শক্তি কেন্দ্র/জ্বালানি কেন্দ্র। | ইসলামাবাদ, পাকিস্তান |
| সার্ক **সাংস্কৃতিক** কেন্দ্র | কলম্বো, শ্রীলঙ্কা |
| সার্ক **উপকূলীয়** এলাকা ব্যবস্থা কেন্দ্র | মালে, মালদ্বীপ |
| সার্ক **বন** কেন্দ্র | থিম্পু, ভুটান |

# SAPTA ও SAFTA


## ➢ SAPTA

- ❑ পূর্ণরূপ SAARC Preferential Trading Arrangement (সার্ক অগ্রাধিকার বাণিজ্য চুক্তি)।
- ❑ সাপটা হচ্ছে দক্ষিণ এশীয় আঞ্চলিক সহযোগিতা সংস্থা বা সার্কভুক্ত দেশগুলোর মধ্যকার সম্পাদিত একটি বাণিজ্য চুক্তি।
- ❑ **স্বাক্ষরিত হয় – ১৯৯৩ সালে ঢাকায়।**
- ❑ **কার্যকর হয় – ১৯৯৫।**

## ➢ SAFTA

- ❑ SAFTA এর পূর্ণরূপ - South Asian free Trade Area অর্থাৎ, দক্ষিণ এশিয়া মুক্ত বাণিজ্য চুক্তি।
- ❑ উদ্দেশ্য শুল্কমুক্ত বাণিজ্য প্রতিষ্ঠা।
- ❑ **স্বাক্ষরিত হয় ২০০৪ সালে এবং কার্যক্রম শুরু হয় ২০০৬ সালে।**

# BIMSTEC



Bay of Bengal Initiatives for Multi Sectoral Technical and Economic Cooperation
তুর্কমেনিস্তান
আফগানিস্তান
ইরান
পাকিস্তান
নেপাল
ভুটান
বাংলাদেশ
ভারত
মিয়ানমার
ভিয়েতনাম
লাওস
টংকিং সাগর
ওমান উপসাগর
ওমান
বঙ্গোপসাগর
থাইল্যান্ড
মার্তাবান উপসাগর
কম্বোডিয়া
লুজন সাগর
আরব সাগর
Bay of Bengal
থাইল্যান্ড উপসাগর
দক্ষিণ চীন সাগর
আন্দামান সাগর
শ্রীলংকা
মালদ্বীপ
কামাউ অন্তরীপ
মালয়েশিয়া
ভারত মহাসাগর
ইন্দোনেশিয়া

# BIMSTEC

- **পরিচয়:** বঙ্গোপসাগরীয় অঞ্চলের অর্থনৈতিক জোট।
- **BIMSTEC:** Bay of Bengal Initiative for Multi – Sectoral, Technical and Economic Co-operation.
- **সদস্য: ৭টি।** যথা: **Bangladesh, India, Myanmar, Sri Lanka, Thailand, Nepal & Bhutan.**
- **প্রতিষ্ঠা:** ৬ জুন, **১৯৯৭** [থাইল্যান্ডের ব্যাংককে]
- **প্রতিষ্ঠাকালীন সদস্য:** ৪টি দেশ।
- **মিয়ানমার যোগ দেয়:** ১৯৯৭।
- **নেপাল ও ভুটান যোগ দেয়:** ২০০৩ সালে।
- **সচিবালয়: ঢাকা।**
- **প্রতিষ্ঠায় সহযোগী: ADB**
- BIMSTEC এ অগ্রাধিকার মূলক খাত - **১৪টি।**
- বর্তমান মহাসচিব **'তেনজিন লেকফেল'** (ভুটান)।
- সর্বশেষ ৫ম শীর্ষ সম্মেলন – **শ্রীলঙ্কা** (৩০ মার্চ, ২০২২)

# ASEAN

- ASEAN দক্ষিণ-পূর্ব এশিয়ার আঞ্চলিক অর্থনৈতিক জোট। এর পূর্ণরূপ Association of Southeast Asian Nations.
- এটি প্রতিষ্ঠিত হয় ৮ আগস্ট, **১৯৬৭ সালে** ব্যাংককে ৫টি দেশের সমন্বয়ে।
- গঠনের উদ্দেশ্য – কমিউনিজম ভয় থেকে নিরাপদ থাকা।
- এর সদর দপ্তর **ইন্দোনেশিয়ার জাকার্তায়**।
- **বর্তমানে এর সদস্য দেশ ১০টি। যথাঃ ১. মিয়ানমার ২. থাইল্যান্ড ৩. লাওস ৪. ভিয়েতনাম ৫. সিঙ্গাপুর ৬. ব্রুনাই ৭. মালয়েশিয়া ৮. ইন্দোনেশিয়া ৯. ফিলিপাইন ১০. কম্বোডিয়া।**
- এর বর্তমান মহাসচিব **কাও কিম হার্ন**।



# ASEAN

- প্রতিযোগিতামূলক অর্থনীতির দিক দিয়ে আসিয়ান-এ শীর্ষ দেশ **সিঙ্গাপুর**।
- আসিয়ান দেশগুলোর মধ্যে আন্তঃবাণিজ্যের পরিমাণ ৩৫ ভাগ।
- ASEAN+3 হল আসিয়ানভুক্ত দেশসহ **চীন, জাপান ও দক্ষিণ কোরিয়া**।
- আসিয়ান এর একটি আঞ্চলিক সহযোগী সংস্থা (ARF)। ASEAN Regional Forum
- ARF প্রতিষ্ঠিত হয় ১৯৯৪ সালে। ARF-এর সদর দপ্তর ইন্দোনেশিয়ার জাকার্তায় অবস্থিত।
- **ARF-এর বর্তমান সদস্য সংখ্যা ২৭টি। বাংলাদেশ ২৬তম (২০০৬) সদস্য, শ্রীলংকা ২৭তম (২০০৭)।**
- ১০টি দেশ ছাড়াও পর্যবেক্ষক রাষ্ট্র ২টি - (১) পাপুয়া নিউগিনি (২) পূর্ব তিমুর।
- **৪২তম সম্মেলন অনুষ্ঠিত হয় ২০২৩ সালের মে মাসে ইন্দোনেশিয়ায়।**

৪৬ তম " → লাওস → ভিয়েনতিয়েন

# POLL QUESTION-01

✪ বাংলাদেশে সর্বশেষ SAARC সম্মেলন অনুষ্ঠিত হয় কবে?

a) ১৯৮৫

b) ২০০৫

c) ২০১৪

d) ২০১৬

# APEC

- APEC-এর পূর্ণরূপ Asia Pacific Economic Co-operation.
- এটি প্রতিষ্ঠিত হয় ১৯৮৯ সালে। উদ্যোক্তা অস্ট্রেলিয়ার সাবেক প্রধানমন্ত্রী **বব হক**।
- এর প্রতিষ্ঠাকালীন সদস্য ১২। **বর্তমানে এর সদস্য সংখ্যা ২১**।
- এর সদর দপ্তর সিঙ্গাপুর।
- এর বর্তমান নির্বাহী পরিচালক **রেবেকা ফাতিমা সান্তা মারিয়া**(সিঙ্গাপুর)।
- এশিয়ার অর্থনৈতিক উন্নয়নের লক্ষ্যে নতুন জোটগুলোর মধ্যে - (ESCAP) সবচেয়ে বেশি উপযোগী বিবেচনা করে APEC কে।
- সদস্য দেশগুলোর মধ্যে পারস্পরিক বাণিজ্য সুবিধার মাধ্যমে শুল্কমুক্ত বাণিজ্য এলাকা গড়ে তোলাই এর উদ্দেশ্য।

# CIRDAP

- CIRDAP-এর পূর্ণরূপ Centre on Integrated Rural Development for the Asia & Pacific.
- এটি প্রতিষ্ঠিত হয় **১৯৭৯** সালে।
- এর সদর দপ্তর **ঢাকায়** (চামেলী হাউজ) অবস্থিত।
- CIRDAP- এর **সদস্য সংখ্যা ১৫টি দেশ এবং ১টি সংস্থা।** (প্রতিষ্ঠাকালীন সদস্য ৬টি)। যথাঃ বাংলাদেশ, শ্রীলংকা, পাকিস্তান, ইরান, আফগানিস্তান, ফিলিপাইন, ইন্দোনেশিয়া, নেপাল, থাইল্যান্ড, ভিয়েতনাম, লাওস, মালয়েশিয়া, মিয়ানমার, ফিজি (সর্বশেষ) এবং FAO.
- এর উদ্যোক্তা – **FAO.**
- এশিয়া ও প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলের পল্লী উন্নয়ন, দারিদ্র্য বিমোচন ও ভাগ্য উন্নয়ন এর উদ্দেশ্য।
- বর্তমান মহাপরিচালক – ডা. চার্ডশেক ভিরাপাদ (থাইল্যান্ড)



# G-77 ও G-15

## ➢ G-77


- ❑ G-77 এর পূর্ণরূপ Group of seventy-seven.
- ❑ এটি প্রতিষ্ঠিত হয় ১৫ জুন, ১৯৬৪ সালে।
- ❑ এটি প্রতিষ্ঠা করে জাতিসংঘের বাণিজ্য সংস্থা **UNCTAD** এবং **ECOSOC**।
- ❑ G-77 গঠনের উদ্দেশ্য তৃতীয় বিশ্বের তথা উন্নয়নশীল দেশগুলোর অর্থনৈতিক ও বাণিজ্যিক স্বার্থ রক্ষা করা।
- ❑ এর বর্তমান সদস্য **সংখ্যা ১৩৪** (প্রতিষ্ঠাকালীন ৭৭টি)।
- ❑ G-77 এর কোন সাংগঠনিক কাঠামো বা **সদর দপ্তর নেই**।
- ❑ ১৯৮২-৮৩ সালে বাংলাদেশ G-77-এর চেয়ারম্যান ছিল। বর্তমান সভাপতি গিনি।

## ➢ G-15

- ❑ সদর দপ্তর জেনেভা (সুইজারল্যান্ড)
- ❑ সদস্য দেশ ১৮টি

# BCIM

- ২০০৩ সালে চীন এ ধরণের একটি অর্থনৈতিক জোটের প্রস্তাব করে। চীনের উদ্দেশ্য ছিল চীনের ইউনান প্রদেশকে সামনে রেখে মিয়ানমার, ভারতের উত্তর - পূর্বাঞ্চল, বাংলাদেশ ও থাইল্যান্ডকে নিয়ে একটি জোট গঠন করা।
- চীনের ওই প্রস্তাবকে তখন চিহ্নিত করা হয়েছিল 'কুনমিং ইনিশিয়েটিভ' বা 'কুনমিং উদ্যোগ' হিসেবে। কুনমিং হচ্ছে ইউনান প্রদেশের রাজধানী।
- সদস্য ৪টি দেশ (**বাংলাদেশ, চীন, ভারত, মিয়ানমার**)।
- ধারণা দেন – বাংলাদেশের **অর্থনীতিবীদ ড. রেহমান সোবহান।**




চিত্র: BCIM করিডোর

# ACU

- ACU এর পূর্ণরূপ Asian Clearing Union.
- এশিয়ার কিছু দেশের কেন্দ্রীয় ব্যাংকের সমন্বয়ে গড়ে ওঠা লেনদেন নিষ্পন্নকারী সংস্থা।
- প্রতিষ্ঠা ১৯৭৪।
- এর সদর দপ্তর তেহরান, ইরান।
- সদস্য ৯টি: বাংলাদেশ, ভারত, ইরান, নেপাল, পাকিস্তান, শ্রীলঙ্কা, মালদ্বীপ, ভুটান, মিয়ানমার।
- বাংলাদেশ ব্যাংকের সাবেক গভর্নর আতিউর রহমান আকুর চেয়ারম্যান ছিলেন।

# NAM (NON-ALIGNED MOVEMENT)

- **১৯৬১** সালে তৎকালীন যুগোস্লাভিয়া বেলগ্রেডে প্রথম শীর্ষ সম্মেলনের মাধ্যমে ন্যাম (NAM) এর জন্ম হয়।
- জোট নিরপেক্ষ আন্দোলনের উদ্যোক্তা হলেন **ভারতের জওহরলাল নেহেরু, যুগোশ্লাভিয়ার মার্শাল টিটো, ইন্দোনেশিয়ান সুকর্ণ, ঘানার নক্রুমা এবং মিশরের জামাল আবদাল নাসের।**
- এর নীতি পঞ্চশীলা। এই নীতি ঘোষণা করেন ভারতের জওহরলাল নেহেরু ও চীনের চৌ এন লাই।
- এর সদস্য সংখ্যা **১২০টি**। এর পর্যবেক্ষক দেশ ১৮টি। এর কোন **সদর দপ্তর নেই**।
- এর প্রথম মহাসচিব যোসেফ মার্শাল টিটো।
- বর্তমান চেয়ারম্যান আজারবাইজানের প্রেসিডেন্ট **ইলহাম আলীয়াভ** (২০১৯ - বর্তমান)
- NAM এর সর্বশেষ দুটি সদস্য দেশ আজারবাইজান এবং ফিজি।
- **বাংলাদেশ NAM এর সদস্যপদ লাভ ১৯৭২ সালে**
- NAM- এর বার্তা সংস্থার নাম NAM News Network (NNN). এটি ২০০৬ সালে **মালয়েশিয়ার** কুয়ালালামপুরে প্রতিষ্ঠিত হয়।
- অষ্টাদশ সম্মেলন অনুষ্ঠিত হয় - ২০১৯ সালে আজারবাইজানের বাকুতে।
- উনিশতম সম্মেলন অনুষ্ঠিত হবে - ২০২৩ সালে উগান্ডায়।
- **বঙ্গবন্ধু** শেখ মুজিবুর রহমান জোট নিরপেক্ষ আন্দোলনের ৪র্থ শীর্ষ সম্মেলনে অংশগ্রহণ করেন - ১৯৭৩ সালে ৫ থেকে ৯ই সেপ্টেম্বর, **আলজিয়ার্স** শহরে।

# COMMONWEALTH OF NATIONS



- ব্রিটিশ উপনিবেশভুক্ত দেশসমূহের জোট কমনওয়েলথ প্রতিষ্ঠিত হয় ২৮ এপ্রিল, **১৯৪৯** সালে।
- এর দাপ্তরিক ভাষা ইংরেজি। এর সদর দপ্তর **মার্লবোরো হাউজ**, লন্ডন।
- কমনওয়েলথের বর্তমান সদস্য সংখ্যা **৫৬**। সর্বশেষ সদস্য **টোগো**।
- ব্রিটিশ উপনিবেশ না হয়েও এর সদস্য হলো মোজাম্বিক, রুয়ান্ডা ও গ্যাবন।
- ব্রিটিশ শাসনভুক্ত হওয়া সত্ত্বেও কমনওয়েলথভুক্ত দেশ নয় বাহরাইন, ইরাক, মিশর, জর্ডান, কুয়েত, মিয়ানমার, কাতার, সুদান, যুক্তরাষ্ট্র, সংযুক্ত আরব আমিরাত ও ইয়েমেন।
- কমনওয়েলথ পদত্যাগকারী দেশ আয়ারল্যান্ড, জিম্বাবুয়ে।
- সংস্থাটির প্রধান হলেন রাজা **তৃতীয় চার্লস**।
- বর্তমান চেয়ারপার্সন **প্যাট্রিসিয়া জ্যানেট** (স্কটল্যান্ড), ১ এপ্রিল, ২০১৬ – বর্তমান।
- বাংলাদেশ কমনওয়েলথ এর সদস্য পদ লাভ করে **১৮ এপ্রিল, ১৯৭২ সালে (৩২তম সদস্য)**।
- প্রতিবছর কমনওয়েলথ দিবস পালিত হয় **মার্চ মাসের দ্বিতীয় সোমবার**।
- কমনওয়েলভুক্ত সর্বোচ্চ কূটনৈতিকদের বলা হয় হাইকমিশনার।
- ২৭তম সম্মেলন হবে সামোয়া (২০২৪)।

# আরবলীগ

- প্রতিষ্ঠিত হয় ২২ মার্চ, **১৯৪৫** সালে আলেকজান্দ্রিয়া প্রোটকলের ভিত্তিতে।
- সদর দপ্তর **মিশরের রাজধানী কায়রো**।
- প্রতিষ্ঠাতা সদস্য ৭টি: ইরাক, সিরিয়া, মিশর, লেবানন, জর্ডান, ইয়েমেন ও সৌদি আরব।
- বর্তমান সদস্য সংখ্যা **২২টি (বহিষ্কৃত সিরিয়াসহ)**। সদস্য দেশ হলো আরবি ভাষাভাষী দেশসমূহ।
- আরব লীগ বহির্ভূত মধ্যপ্রাচ্যের দেশ ইরানের ভাষা আরবি নয়, ফারসি।
- বর্তমান মহাসচিবের নাম **আহমেদ আবুল ঘেইত** (মিশর, ১ জুলাই ২০১৬ - বর্তমান)।
- পর্যবেক্ষক দেশ ৫টি। যথা- ১. আর্মেনিয়া ২. ব্রাজিল ৩. ইরিত্রিয়া ৪. ভারত ৫. ভেনিজুয়েলা।



# আরবলীগ

- **১৯৭৯ সালে আরবলীগ থেকে মিশরের সদস্যপদ স্থগিত করা হয় (১৯৭৮ সালে ইসরাইলের সাথে ক্যাম্প ডেভিড চুক্তির কারণে)।**
- মিশরের সদস্যপদ স্থগিত করার পর আরবলীগের সদর দপ্তর স্থানান্তর করা হয় তিউনেশিয়ায়। পুনরায় মিশর আরবলীগে যোগদান করে ১৯৮৯ সালে।
- **ফিলিস্তিনকে আরবলীগের পূর্ণাঙ্গ সদস্যপদ দেওয়া হয় ১৯৯৬ সালে।**
- সিরিয়ায় গৃহযুদ্ধের কারণে আরব লীগ থেকে সিরিয়ার সদস্যপদ স্থগিত করা হয় **২০১১** সালে।

- **সদস্য দেশসমূহ:**

| | | | | | |
|---|---|---|---|---|---|
| মিশর | জর্ডান | লেবানন | মৌরিতানিয়া | সোমালিয়া | কুয়েত |
| সিরিয়া | আরব আমিরাত | আলজেরিয়া | সৌদি আরব | সুদান | লিবিয়া |
| তিউনিশিয়া | ইয়েমেন | ওমান | কাতার | কমরোস | |
| বাহারাইন | মরক্কো | ফিলিস্তিন | জিবুতি | ইরাক | |

# POLL QUESTION-02

✪ **Commonwealth এর সর্বশেষ সদস্য কোনটি?**

a) টোগো

b) সামোয়া

c) গ্যাবন

d) রুয়ান্ডা

# OIC

- মুসলিম দেশগুলোর রাজনৈতিক জোট।
- OIC এর পূর্ণরূপ Organization of Islamic Cooperation।
- **প্রতিষ্ঠিত হয় ২৫ সেপ্টেম্বর, ১৯৬৯ সালে মরক্কোর রাবাতে।**
- OIC গঠিত হওয়ার প্রেক্ষাপট মূলত ১৯৬৯ সালের ২১ আগস্ট জেরুজালেমে অবস্থিত প্রথম কেবলা মসজিদ পবিত্র আল-আক্সায় ইসরাইলের ইহুদিদের অগ্নি সংযোগ।
- দাপ্তরিক ভাষা ৩ টি (আরবি, ইংরেজি ও ফরাসি)। সদর দপ্তর জেদ্দা (সৌদি আরব)।
- প্রতিষ্ঠাকালীন সদস্য ২৫। বর্তমান সদস্য সংখ্যা **৫৭**। সর্বশেষ সদস্য **আইভরিকোস্ট** (২০০১ সালে)।
- OIC তে অন্তর্গত অমুসলিম দেশগুলো হল: **উগান্ডা, ক্যামেরুন, বেনিন, মোজাম্বিক, সুরিনাম ও গায়ানা।**


ORGANISATION OF ISLAMIC COOPERATION

# OIC

- পর্যবেক্ষক: রাশিয়া, বসনিয়া, থাইল্যান্ড, তুর্কিয়ে, সাইপ্রাস এবং সাতটি সংগঠন ও সংস্থা।
- ওআইসির প্রথম মহাসচিবের নাম টেংকু আব্দুর রহমান। বর্তমান মহাসচিব হোসাইন ইব্রাহিম তাহা (শাদ)।
- বর্তমান প্রেসিডেন্ট সালমান বিন আবদুল আজিজ (সৌদি আরব)।
- ওআইসি মহাসচিবের মেয়াদকাল ৫ বছর। শীর্ষ সম্মেলন অনুষ্ঠিত হয় ৩ বছর পর পর।
- ইসলামী সম্মেলন সংস্থার নাম পরিবর্তন করে ইসলামী সহযোগিতা সংস্থা রাখা হয় ২৮ জুন ২০১১ সালে।
- **বাংলাদেশ সদস্যপদ লাভ করে ২৩ ফেব্রুয়ারি, ১৯৭৪ সালে লাহোরে অনুষ্ঠিত ২য় শীর্ষ সম্মেলনে (৩২তম সদস্য)।**
- ওআইসির মূল সংস্থা হল ৩টি: ১) পররাষ্ট্রমন্ত্রী কাউন্সিল ২) সাধারণ সচিবালয় ৩) সরকার প্রধানদের সম্মেলন।

# GCC

- পারস্য উপসাগরীয় আরব দেশগুলো নিয়ে যে উপসাগরীয় সহযোগিতা সংস্থা গড়ে উঠে তার নাম GCC (Gulf Co-operation Council).
- এটি প্রতিষ্ঠিত হয় ১৯৮১ সালে।
- এর সদর দপ্তর **সৌদি আরবের রিয়াদে**।
- এর বর্তমান সদস্য ৬টি; **সৌদি আরব, কুয়েত, কাতার, বাহরাইন, ওমান ও সংযুক্ত আরব আমিরাত**।
- GCC এর বর্তমান মহাসচিবের নাম জাসেম মোহাম্মদ আল বুদাইউই (কুয়েত)।



# OAU & AU

- AU (African Union) এর পূর্বনাম OAU (Organization of African Unity)
- এটি প্রতিষ্ঠিত হয় ২৫ মে ১৯৬৩ সালে।
- **এর সদর দপ্তর আদ্দিস আবাবা, (ইথিওপিয়া)। এর সদস্য সংখ্যা ৫৫। সর্বশেষ সদস্য মরক্কো (২০১৭)।**

EU

→ Belgium → Brussels

# CIS

- CIS (Commonwealth of Independent States) প্রতিষ্ঠিত হয় ৮ ডিসেম্বর ১৯৯১ সালে।
- এটি সাবেক সোভিয়েত রাষ্ট্রসমূহের সংস্থা।
- এর সদর দপ্তর **মিনস্ক (বেলারুশ)**।
- এর প্রতিষ্ঠাতা সদস্য ৯টি এবং সহযোগী সদস্য ২টি, মোট ১১টি।
- এর প্রধান নির্বাহী সার্গেই লেবেডেভ (২০০৭ - বর্তমান)।
- এর সদস্য দেশসমূহ হলো আর্মেনিয়া, আজারবাইজান, বেলারুশ, কাজাখস্তান, কিরগিজিস্তান, তাজিকিস্তান, তুর্কমেনিস্তান, উজবেকিস্তান, মলদোভা, রাশিয়া, ইউক্রেন।
- ১৯৯১ সালের ডিসেম্বরে কাজাখস্তানের রাজধানী আস্তানায় সোভিয়েত ইউনিয়নের স্বাধীনতা প্রাপ্ত ১১টি দেশের প্রেসিডেন্টদের এক শীর্ষ বৈঠকে CIS - এর গোড়াপত্তন করা হয়।
- ত্যাগকারী সদস্য – জর্জিয়া।



# APA

- APA এর পূর্ণরূপ Asian Parliamentary Assembly.
- এটি প্রতিষ্ঠিত হয় ১ সেপ্টেম্বর, **১৯৯৯** সালে।
- এর প্রথম সম্মেলন অনুষ্ঠিত হয় **ঢাকায়**, ১৯৯৯ সালে।
- এর সদর **দপ্তর তেহরান (ইরান)**।
- প্রতিষ্ঠাতা সদস্য ১১টি। এর বর্তমান সদস্য **৪৩**।
- পর্যবেক্ষক দেশ ১৬টি।
- এর বর্তমান মহাসচিবের নাম মোহাম্মদ রেজা মাজেদি (ইরান, ২০১৬- বর্তমান)।
- মূল উদ্দেশ্য এশীয় অঞ্চলে শান্তি ও নিরাপত্তা।

# সাংহাই সহযোগিতা সংস্থা (SCO)

- এটি প্রতিষ্ঠিত হয় ১৫ জুন, ২০০১ সালে।
- এর সদস্য দেশ ৯টি। দেশগুলো হলো চীন, রাশিয়া, কাজাখস্তান, কিরগিজিস্তান, তাজিকিস্তান, উজবেকিস্তান, ভারত, পাকিস্তান ও ইরান (সর্বশেষ)।
- এর সদর দপ্তর বেইজিং (চীন)।
- এ সংস্থার প্রধান উদ্দেশ্য আলাপ আলোচনার মাধ্যমে সীমান্ত বিরোধ মীমাংসা এবং শান্তিপূর্ণ সহাবস্থান বজায় রাখা।

# IJO ও IJSG

- IJO পূর্ণরূপ International Jute Organization.
- এটি প্রতিষ্ঠিত হয় **১৯৮৪** সালে।
- এর সদর দপ্তর **ঢাকায় (বাংলাদেশ)**।
- এর সদস্য সংখ্যা ৩০টি।

International Jute Study Group

# USMCA

- USMCA এর পূর্ণরূপ United States-Mexico-Canada Agreement.
- এটি North American Free Trade Agreement (NAFTA) এর পরিবর্তিত রূপ।
- NAFTA চুক্তি স্বাক্ষরিত হয় ১৯৯৩ সালে।
- কার্যকর হয় ১ জানুয়ারি, ১৯৯৪ সালে।
- এর সদস্য সংখ্যা ৩টি (যুক্তরাষ্ট্র, কানাডা ও মেক্সিকো)।
- USMCA নামকরণ করা হয় ২০১৮ সালে।



# POLL QUESTION-03

✪ **কোন চুক্তির প্রেক্ষিতে আরবলীগে মিশরের সদস্যপদ স্থগিত হয়?**

a) আলজিয়ার্স চুক্তি

b) ক্যাম্প ডেভিড চুক্তি

c) অসলো চুক্তি

d) ডেটন চুক্তি

# বিগত সালের বিসিএস পরীক্ষার প্রশ্নসমূহ

➲ কোন দুটি আরব রাষ্ট্র ক্যাম্প ডেভিড (Camp David) চুক্তি স্বাক্ষরের ফলশ্রুতিতে ইসরাইলের সঙ্গে পূর্ণ কূটনৈতিক সম্পর্ক স্থাপন করেন? [৪৪তম বিসিএস]

(ক) জর্দান ও মিশর (খ) কুয়েত ও বাহরাইন

(গ) লিবিয়া ও ওমান (ঘ) তিউনিসিয়া ও আলজিরয়া

➲ নিচের কোন দেশটি ASEAN জোটভুক্ত নয়? [৪৪তম বিসিএস]

(ক) লাওস (খ) হংকং (গ) ভিয়েতনাম (ঘ) কম্বোডিয়া

➲ বাংলাদেশ কোনটির সদস্য নয়? [৪৩তম বিসিএস]

(ক) BCIM-EC (খ) OAS

(গ) OIC (ঘ) BIMSTEC

➲ নিম্নের কোনটি জাতিসংঘের সংস্থা নয়? [৪৩তম বিসিএস]

(ক) আসিয়ান আঞ্চলিক ফোরাম (ARF) (খ) আঞ্চলিক শ্রম সংস্থা (ILO)

(গ) আন্তর্জাতিক কৃষি উন্নয়ন তহবিল (IFAD) (ঘ) খাদ্য ও কৃষি সংস্থা (FAO)

# বিগত সালের বিসিএস পরীক্ষার প্রশ্নসমূহ

➲ বঙ্গবন্ধু কত সালে এবং কোন শহরে জোট নিরপেক্ষ আন্দোলনের শীর্ষ সম্মেলনে অংশগ্রহণ করেন? [৪২তম বিসিএস (বিশেষ)]

(ক) ১৯৭২, কায়রো (খ) ১৯৭৪, নয়া দিল্লী (গ) ১৯৭৫, বেলগ্রেড (ঘ) ১৯৭৩, আলজিয়ার্স

➲ নিচের কোন সংস্থাটির সচিবালয় বাংলাদেশে অবস্থিত? [৪০তম বিসিএস]

(ক) BIMSTEC (খ) CICA (গ) IORA (ঘ) SAARC

➲ নিচের কোন সংস্থাটির স্থায়ী সদর দপ্তর নেই? [৪০তম বিসিএস]

(ক) NATO (খ) NAM (গ) EU (ঘ) ASEAN

➲ OIC –এর কততম শীর্ষ সম্মেলনে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান অংশগ্রহণ করেন? [৪০তম বিসিএস]

(ক) ২য় শীর্ষ সম্মেলন (খ) ৫ম শীর্ষ সম্মেলন (গ) ৪র্থ শীর্ষ সম্মেলন (ঘ) ৭ম শীর্ষ সম্মেলন

➲ ইসলামী সহযোগিতা সংস্থা (ওআইসি) এর দাপ্তরিক ভাষার সংখ্যা হচ্ছে- [৩৮তম বিসিএস]

(ক) ৫ (খ) ৩ (গ) ৪ (ঘ) ২

# বিগত সালের বিসিএস পরীক্ষার প্রশ্নসমূহ

➲ **কোনটি জাতিসংঘের সহযোগী নয়?** [৩৮তম বিসিএস]

(ক) আইএলও (খ) হু (WHO) (গ) ASEAN (আশিয়ান) (ঘ) উপরের সবকটি

➲ **সার্কের সদর দপ্তর কোথায়?** [৩৮তম বিসিএস]

(ক) ঢাকা (খ) নয়াদিল্লী (গ) কলম্বো (ঘ) কাঠমান্ডু

➲ **সার্ক প্রতিষ্ঠিত হয়:** [৩৬তম ও ২০তম বিসিএস]

(ক) ১৯৮২ সালে (খ) ১৯৮৫ সালে (গ) ১৯৮৪ সালে (ঘ) ১৯৮৩ সালে

➲ **আরব লীগ প্রতিষ্ঠা পায়–** [৩৬তম বিসিএস]

(ক) ১৯৪৯ (খ) ১৯৫০ (গ) ১৯৪৫ (ঘ) ১৯৪০

➲ **NAM- এর বর্তমান সদস্য সংখ্যা কত?** [৩৬তম ও ২২তম বিসিএস]

(ক) ১০০ (খ) ১১৫ (গ) ১১৪ (ঘ) ১২০

# বিগত সালের বিসিএস পরীক্ষার প্রশ্নসমূহ

➲ সার্ক-এর সদস্য দেশ কয়টি? [৩৩তম বিসিএস]

(ক) ৬ (খ) ৭ (গ) ৮ (ঘ) ৯

➲ সার্কের সচিবালয় কোথায় অবস্থিত? [২৯তম বিসিএস]

(ক) দিল্লী (খ) ইসলামাবাদ (গ) কাঠমান্ডু (ঘ) ঢাকা

➲ আসিয়ান রিজিওনাল ফোরাম (ARF) এর সদস্য সংখ্যা কত? [২৭তম বিসিএস]

(ক) ২১ (খ) ২২ (গ) ২৩ (ঘ) ২৭

➲ মুসলমান প্রধান না হয়েও কোন দেশটি ইসলামী সহযোগিতা সংস্থার সদস্য? [২৭তম বিসিএস]

(ক) নাইজেরিয়া (খ) লেবানন (গ) নাইজার (ঘ) উগান্ডা

# BCS কঠিন নয়;
# প্রস্তুতি যদি গোছানো হয়

Facebook Page
https://www.facebook.com/uttoronacademy
Facebook Group (BCS উত্তরণ)
https://www.facebook.com/groups/www.uttoron.academy
YouTube Channel
https://www.youtube.com/c/Uttoron

উত্তরণ
ক্যারিয়ার এন্ড স্কিলস একাডেমি
BCS অনলাইন ও অফলাইনের সমন্বয়ে গোছানো প্রস্তুতি
(https://www.youtube.com/watch?v=MFKW8FSNnP0)
09666775566
www.uttoron.academy